

সারাদেশ

পতিত অপশক্তি দেশের বাইরে থেকে ষড়যন্ত্র করছে, ঐক্যবদ্ধ থাকুন: প্রধানমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

পতিত অপশক্তি দেশের বাইরে থেকে ষড়যন্ত্র করছে। দেশের ভেতরেও জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা চলছে। এমন ষড়যন্ত্র মোকাবিলা করতে হলে দলকে ঐক্যবদ্ধ রাখতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (৯ আগস্ট) রাতে চট্টগ্রামের একটি ৫ তারকা হোটেলে চট্টগ্রাম মহানগর, উত্তর ও দক্ষিণ জেলা বিএনপি নেতাদের সঙ্গে বৈঠকে এসব নির্দেশনা দেন তিনি।

এ সময় তিনি সংগঠন ও মেয়াদ উত্তীর্ণ কমিটিকে নতুন করে ঢেলে সাজানোর তাগিদও দিয়েছেন।

বৈঠকে অংশ নেওয়া বিভিন্ন স্তরের নেতারা জানান, সন্ধ্যা সাড়ে সাতটা থেকে রাত সাড়ে নয়টা পর্যন্ত গুরুত্বপূর্ণ এই বৈঠকটি অনুষ্ঠিত হয়। এ

সময় তৃণমূলের নেতাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, কর্মীদের আচরণই দলের পরিচয়। আমরা বিএনপিকে প্রতিনিধিত্ব করি।

তিনি বুঝিয়েছেন, আমরা প্রত্যেকে জনগণের সেবা করার জন্য যদি সেবক হওয়ার মানসিকতা রাখি, মানুষের উপকার করতে খুব পজিটিভ থাকি এবং দলীয় কর্মকাণ্ডে একে অপরের সঙ্গে সৌহার্দ্য রাখি, তাহলেই তার হাত শক্তিশালী হবে। এতে সরকারও শক্তিশালী হবে।


চলতি বছরের শেষ দিকে স্থানীয় সরকার নির্বাচনের ঘোষণা আসতে পারে স্মরণ করিয়ে দিয়ে তিনি কর্মীদের ঐক্যবদ্ধ থাকতে বলেন। কারণ পতিত শক্তি দেশের বাইরে থেকে যেমন ষড়যন্ত্র করছে, দেশের ভেতরের একটি মহলও জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছে। ঘরে-বাইরে শত্রু মোকাবিলা করতে হলে সংগঠনকে আরও শক্তিশালী ও গতিশীল করতে হবে। সে লক্ষ্যে নিষ্ক্রিয় থাকা অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোকে সক্রিয় করার পাশাপাশি যেসব সংগঠনের কমিটির মেয়াদ অতিক্রম করেছে, সেগুলো টেলে সাজানোর তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী।

সরকারের উন্নয়ন কর্মকাণ্ড ও উন্নয়ন পরিকল্পনা মানুষের মাঝে ছড়িয়ে দিতেও নির্দেশনা দেন প্রধানমন্ত্রী।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে দু'রা মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...